

সরবরাহকারীর আচরণবিধি

LI & FUNG

লি এন্ড ফুং (লিওঁ ফুঁ) লিঃ এর কার্যাবলী, এর গ্রাহকদের পক্ষে বিশ্বব্যাপী সরবরাহকারীদের সরবরাহ প্রাপ্তির উপর নির্ভরশীল। আমরা নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত, শ্রমজীবিদের মর্যাদা ও সম্মান নিশ্চিত এবং দায়িত্বশীল পরিবেশবান্ধব কার্যাবলী উদ্বৃক্ত করতে আমাদের বিশ্বব্যাপী সাপ্লাই চেইনের সাথে কাজ করি।

আমাদের আচরণবিধি ও তৎসংশ্লিষ্ট মান, মূলনীতি ও অনুশীলন গুলোকে বিস্তারিতভাবে আলোকপাত করে যা আমরা আমাদের সরবরাহকারীদের নিকট প্রত্যাশা করি যেন তারা তা সমৃদ্ধ রাখে। এ আচরণবিধি, যা স্থানীয়/ আন্তর্জাতিক আইন বিধান, আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) কোর কনভেনশন, এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত পেশাগত স্বাস্থ্য নিরাপত্তা এবং পরিবেশগত মানের উপর নির্ভরশীল এবং সরবরাহকারীদের নিকট থেকে প্রাপ্ত পন্যের প্রতি আমাদের অঙ্গীকারকে প্রতিনিধিত্ব করে যা সরবরাহকারীর আচরণ বিধিকে মূল্যায়ন করে এবং এর বিভিন্ন ধারাকে তারা তাদের কর্মকাণ্ডে সম্পৃক্ত করে।

যদিও সরবরাহকারীদের বিভিন্ন বিভাগের কাজের ধরন বিভিন্ন থাকে, সরবরাহকারীদের আচরণবিধি সকল কর্ম এলাকা এবং তৎসংলগ্ন আবাসিক এলাকার জন্য প্রযোজ্য যা লি এন্ড ফুং এর সরবরাহের কাজে ব্যবহৃত হয়।

ব্যবস্থাপনা পদ্ধতি

- ঝুঁকি এবং অভিযোগ নিয়ন্ত্রণে সরবরাহকারী ব্যবস্থাপনা নীতিমালা প্রনয়ন করতে হবে।

স্বাস্থ্য ও নিরাপত্তা কার্যসমূহ

- আইন অনুযায়ী সকল অনুমতিপত্র, অনুমোদন এবং সনদপত্র সমূহ সম্পূর্ণ নির্ভুল এবং হালনাগাদ থাকতে হবে। সকল বিজ্ঞপ্তি আইনসিদ্ধ হতে হবে।
- উপযুক্ত ব্যক্তি স্বাস্থ্য ও নিরাপত্তা এবং জরুরি অবস্থার জন্য দায়িত্ব প্রাপ্ত হবে।
- সরবরাহকারী জরুরি ও নিরাপত্তাজনিত প্রাক-সাবধানতা আইন অনুযায়ী নিশ্চিত করবে।
- সরবরাহকারী আইন অনুযায়ী প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম এবং চিকিৎসা সেবা প্রদান করবে।
- সরবরাহকারী আইন অনুযায়ী কর্মচারীর এবং কারখানায় সংঘটিত দুর্ঘটনার তদন্ত প্রতিবেদন এবং তার সংশোধন করবে।
- সরবরাহকারী আইন অনুযায়ী আত্মরক্ষামূলক সরঞ্জামাদি সম্পর্কিত নীতিমালা, প্রশিক্ষণ, রক্ষণাবেক্ষণ এবং ব্যবহার নিশ্চিত করবে।
- আবদ্ধ জায়গাসমূহ চিহ্নিত এবং ভূমির উপর ও নিচের (AST & UST) গুদাম সম্পর্কিত নীতিমালা প্রনয়ন ও প্রশিক্ষণ প্রদান করতে হবে।
- আইন অনুযায়ী রাসায়নিক, বিপদজনক সামগ্রী ব্যবস্থাপনা নীতিমালা, প্রশিক্ষণ, রক্ষণাবেক্ষণ, গুদামজাত ও ব্যবহার নিশ্চিত করতে হবে।
- নির্ধারিত এলাকায় ধূমপান ও এমন কার্যাবলী যা দাহ্য, আগুন বা জ্বলনে জড়িত সেগুলি নিষিদ্ধ করতে হবে।
- আইন অনুযায়ী যন্ত্রপাতি বিষয়ক নিরাপত্তা ব্যবস্থাপনা, নীতিমালা, প্রশিক্ষণ ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।
- বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবস্থাপনা পদ্ধতি সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে।
- আইন অনুযায়ী শব্দ নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
- সরবরাহকারী আইন অনুযায়ী কর্মক্ষেত্রে পর্যাপ্ত আলো, বায়ু চলাচল এবং তাপমাত্রা নিয়ন্ত্রণ নিশ্চিত করবে।
- সরবরাহকারী আইন অনুযায়ী পরিছন্ন কর্ম পরিবেশ এবং পানযোগ্য পানি, বিশ্রাম কক্ষ, গোসল খালা নিশ্চিত করবে।
- খাদ্য প্রস্তুত করার স্থান ও শিশু পরিচর্যা কেন্দ্র আইন অনুযায়ী হতে হবে।
- সঠিক ভবন ও নির্মান অনুমোদন নিশ্চিত করতে হবে।
- সরবরাহকারী কর্মদক্ষতা ঝুঁকি কার্যক্রম বাস্তবায়ন করবে এবং কর্মদক্ষতা ঝুঁকি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবে।
- আইন অনুযায়ী আবাসস্থলের জরুরী এবং প্রাকনিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

শ্রম অনুশীলন

- আইন অনুযায়ী ব্যবসায়িক অনুমতিপত্র সমূহ সঠিক, এহনযোগ্য এবং হালনাগাদ থাকতে হবে। সকল নির্দেশাবলী আইনসিদ্ধ হবে।
- সকল নিয়োগ ও ছাটাই আইন অনুযায়ী হতে হবে। সরবরাহকারী মানব পাচারের ঝুঁকি রোধে যথাযথ নিয়ম নীতিমালা আরোপ করবে।
- আইন অনুযায়ী শ্রমিকের ক্ষতিপূরণ এবং মজুরি বিষয়ক নথি রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।
- আইন অনুযায়ী শ্রমিকের সকল সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।
- কর্মচারীর কর্মঘন্টা এবং সময় বিষয়ক নথি রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।
- বল প্রয়োগ, জোরপূর্বক, চুক্তি ভিত্তিক, ক্রীতদাস এবং আটক কৃতদের দ্বারা শ্রম নিষিদ্ধ।
- আইন অনুযায়ী ১৫ বছর বয়সের নীচে নয় এমন কিশোর, শিক্ষানবিশ ও প্রশিক্ষণার্থীদের নিয়োগ নিশ্চিত করতে হবে।
- গালি, বলপ্রয়োগ, হয়রানী এবং অনুপযুক্ত শৃঙ্খলামূলক শাস্তি নিষিদ্ধ।
- বৈষম্যমূলক আচরণ পরিহার করতে হবে।
- সঙ্গবন্ধ হওয়ার এবং যৌথ দরকষাকষির অধিকার সম্মান নিশ্চিত করতে হবে।

পরিবেশগত কার্যাবলী

- পরিবেশ বিষয়ক ব্যবস্থাপনা, নীতিমালা এবং নির্দেশনা আইন অনুযায়ী হতে হবে।
- সরবরাহকারীরা পরিবেশের উপর ক্ষতিকারক প্রভাব কমানো, অপচয় রোধ ও দূষণ প্রতিরোধ নিশ্চিত করবে।

জবাবদিহিতা, স্বচ্ছতা ও নীতিকথা

- সরবরাহকারীরা কমপ্লায়েন্স যাচাইয়ের জন্য পূর্ণ প্রবেশাধিকার নিশ্চিত করবে এবং কমপ্লায়েন্স সম্পর্কিত পর্যবেক্ষণের উন্নতির জন্য প্রতিজ্ঞাবদ্ধ হবে।
- সকল সাব-কন্ট্রাক্টিং ও হোমওয়ার্ক কার্যাবলী অবশ্যই প্রকাশ করতে হবে এবং কারখানা লি এন্ড ফুং এবং/ বা এর ক্রেতা থেকে লিখিত অনুমোদন নিতে হবে।
- লি এন্ড ফুং কর্মকর্তা বা নির্ধারিত প্রতিনিধির সাথে জালিয়াতি, ঘৃষ এবং অযোক্ষিক প্রভাব বিস্তারের চেষ্টা নিষিদ্ধ।